



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

২০ জুন ২০২২

বাউবিতে কর্মচারীদের পেশাগত উন্নয়নে শুদ্ধাচারের ভূমিকা শীর্ষক প্রশিক্ষণ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রশাসন বিভাগের প্রশিক্ষণ ও গবেষণা শাখা কর্তৃক আয়োজিত কর্মচারীদের পেশাগত উন্নয়নে শুদ্ধাচারের ভূমিকা শীর্ষক প্রশিক্ষণ দিনব্যাপী গাজীপুরস্থ ক্যাম্পাসে আজ ২০ জুন ২০২২ সোমবার সেমিনার হলে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি বাউবি'র ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়তে চাইলে প্রতিষ্ঠানে এবং ব্যক্তি পর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্ঠা করতে হবে। তিনি অর্থনৈতিক সমৃদ্ধি, সামাজিক সাম্য ও সুবিচার নিশ্চিত করার লক্ষ্যে রাষ্ট্রের কাঠামোকে শক্তিশালী করতে নিজ প্রতিষ্ঠানে আগে শুদ্ধাচার বাস্তবায়নের তাগিদ দেন।



কর্মচারীদের পেশাগত উন্নয়নে শুদ্ধাচারের ভূমিকা শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ

প্রশিক্ষণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রেজিস্ট্রার ও এপিএ টিম লিডার ড. মহাঃ শফিকুল আলম। সভাপতির বক্তব্যে তিনি বলেন ট্রেনিং ছাড়া দক্ষতা সম্ভব নয় এবং ট্রেনিংকে ক্যাপিটাল হিসেবে দেখতে হবে। তিনি চাকুরীবিধি, ডেকোরাম, শিষ্টাচার, প্রাতিষ্ঠানিক একাত্মতা বিষয়ে বিষদ আলোচনা করেন। এছাড়া অর্থ ও হিসাব বিভাগের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোঃ মামুন হাসান আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে এবং কাউন্সিল শাখার যুগ্ম পরিচালক এমএস নাজনীন আখতার বার্ষিক কর্মসম্পাদনে বাউবি'র কর্মীদের ভূমিকা বিষয়ে আলোচনা করেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন প্রশাসন বিভাগের প্রশিক্ষণ ও গবেষণা শাখার উপ-পরিচালক শেখ রেজাউল ইসলাম। উক্ত প্রশিক্ষণে বাউবি'র ৫২ জন কর্মচারী অংশগ্রহণ করেন।

স্বাক্ষর

(ড. মেজবাহ উদ্দিন তুহিন

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৪